

উপজেলা শিশু কল্যাণ বোর্ড সভার কার্যবিবরণী

সভার নাম : উপজেলা শিশু কল্যাণ বোর্ড সভার কমিটির সভা।

সভার তারিখ : ১৮/০৯/২০২২খ্রি:।

সভার সময় : দুপুর ১২.০০টা।

সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়, মানিকগঞ্জ সদর।

সভাপতি : জনাব জ্যোতিষ্বর পাল, উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর।

অদ্য ১৮/০৯/২০২২ খ্রি: তারিখ রোজ রবিবার দুপুর ১২.০০ ঘটিকায় উপজেলা শিশু কল্যাণ বোর্ড কমিটির সভা উপজেলা নির্বাহী অফিসার, সদর, মানিকগঞ্জ এর সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
মূলজান মহাসড়ক হতে অজ্ঞাত নামের ১টি শিশু পাওয়ার বিষয়ে আলোচনা।	উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য সচিব সভায় জানান , গত ১৭/০৯/২০২২ তারিখ মূলজান মহাসড়ক হতে অজ্ঞাত নামের অনুমানিক ১২ বছর বয়সী বাক ও শ্রবন প্রতিবন্ধী ১টি শিশু পাওয়া গেছে। উক্ত শিশুটি বর্তমানে পুলিশ হেফাজতে থানায় আছে। শিশুটির বিষয়ে আলাপ আলোচনা হলে সদস্য সচিব সভায় জানান যে, শিশুটিকে সরকারি অভ্যর্থনা কেন্দ্র , মিরপুর , ঢাকায় প্রেরণ করা যেতে পারে এবং প্রতিবন্ধী শিশুটির খাদ্য, পোষাক, কেয়ার টেকার বিল, যাতায়াত ও আনুষাংগিক খরচ উপজেলা সমাজকল্যাণ তহবিল হতে প্রদান করা হয়।	সভায় সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রতিবন্ধী শিশুটিকে সরকারি অভ্যর্থনা, কেন্দ্র মিরপুর, ঢাকায় প্রেরণ এবং প্রস্তাবিত খরচের ব্যয়ভার উপজেলা সমাজকল্যাণ কমিটির তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসার, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(জ্যোতিষ্বর পাল)

সভাপতি

উপজেলা শিশু কল্যাণ বোর্ড

ও

উপজেলা নির্বাহী অফিসার

মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।